

বিএসএমএমইউতে সোরিয়াটিক আর্থাটিস নিয়ে সিএমই প্রোগাম অনুষ্ঠিত

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে আজ বুধবার ৪ এপ্রিল ২০১৮ইং তারিখ সকাল ১০টা ৩০ মিনিটে সোরিয়াটিক আর্থাটিস (Psoriatic Arthritis) নিয়ে একটি গুরুত্বপূর্ণ সিএমই (কনটিনিউ মেডিক্যাল এডুকেশন) প্রোগাম অনুষ্ঠিত হয়। চর্মরোগ সোরিয়াসিস-এর সাথে সম্পর্কিত এ রোগটি নিয়ে আয়োজিত সিএমই প্রোগামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কনক কান্তি বড়ুয়া। আরো উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, এ বিশ্ববিদ্যালয়ের সিভিকিট মেম্বার ও স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মোঃ বিল্লাল আলম, রিউমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মিনহাজ রহিম চৌধুরী, অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক, সহযোগী অধ্যাপক ডা. শামীম আহমেদ, সহযোগী অধ্যাপক ডা. মোঃ আবু শাহীন প্রমুখ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রিউমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মিনহাজ রহিম চৌধুরী জানান, স্পনডাইলো আর্থাটিস-এর পাঁচটি প্রধান রোগের একটি হলো সোরিয়াটিক আর্থাটিস। চর্মরোগ সোরিয়াসিস-এর সাথে সম্পর্কিত এ রোগটি জয়েন্টগুলোতে হয়ে থাকে বিশেষ করে পায়ের বড় বড় গিটগুলোতে হয়ে থাকে এবং হাতের ছোট ছোট গিটগুলোও আক্রান্ত হতে পারে। হাঁটুতে ও পায়ের গোড়ালির জয়েন্টে এর রোগটি লক্ষ্য করা যায়। তবে অনেক সময় হৃদযন্ত্রও এ রোগটি আক্রমণ করতে পারে। আশার কথা হলো এই যে, এই রোগ নির্ণয় ও সকল ধরনের উন্নত চিকিৎসা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের রিউমাটোলজি বিভাগে রয়েছে।